পাক বাহিনীর অত্যাচারে প্রাণের ভয়ে আমাদের প্রায় দু'হাজার পুলিশ কর্মচারী আশ্রয় নিয়েছেন পশ্চিমবংগ, আসাম, ত্রিপুরা, মেঘালয়ের বিভিন্ন স্থানে। আরও অসংখ্য পুলিশ কর্মচারী রয়েছেন পাক অধিকৃত এলাকায়। আমরা আজ আত্মীয়-স্বজন, বন্ধু-বান্ধব, স্ত্রী-পুত, ছেলে-মেয়েদের সাথে সম্পর্কচ্যুত, তবুও আমরা বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামে প্রত্যক্ষ সংগ্রামমুখর- অতীতকে ভুলে গিয়ে আমরা অনাগত ভবিষ্যতের সফল সংগ্রামে নিয়োজিত।

চলমান জীবনে যে-কোন কাজে সংগঠনের গুরুত্ব অপরিসীম। আমাদের অগণিত পুলিশ কর্মচারীরা আজও ছড়িয়ে আছে অধিকৃত এলাকায় এবং ভারতের বিভিন্ন স্থানে। ওদের অভাব-অভিযোগ, দুঃখ-দৈণ্য অবর্ণনীয়- এ জন্যে আমরা বিশেষ করে বাংলাদেশের নিম্নপদস্থ পুলিশ কর্মচারীরা আমাদের ভাইদের দুঃখ-কষ্ট অভাব-অভিযোগের সাথে একাত্ম হতে চাই। আর তাদের ভবিষ্যৎ কর্মপন্থার জন্য দরকার একটি সহায়ক সংস্থা। বাংলাদেশের নিম্নপদস্থ পুলিশ কর্মচারীদের দৈনন্দিন অভাব-অভিযোগ, দুঃখ-দৈন্য মোচনের জন্য একটি সংগঠনের প্রয়োজনীয়তা অনস্বীকার্য। আর এজন্যই আমরা একটি সংস্থার অভাব উপলব্ধি করছি- আশা করি এ ব্যাপারে আপনাদের সক্রিয় সহযোগিত অবশ্যই পাবো।

এ ব্যাপারে আপনাদের পক্ষে আমি বাংলাদেশের পুলিশ প্রধানের অনুমতি চেয়ে আবেদন পেশ করেছি নিয়ম-শৃংখলা ও আইনানুগভাবে আমরা আমাদের অভাব-অভিযোগ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ ও বাংলাদেশ সরকারের কাছে পেশ করার দৃঢ়সংকল্প নিয়েই আমরা আমাদের লক্ষ্য পথে এগিয়ে যাবো- আপনাদের সক্রিয় সহযোগিতাই আমাদের কাম্য। জয় বাংলা।

বাংলাদেশ নিম্নপদস্থ পুলিশ কর্মচারীদের পক্ষে-
(স্বাক্ষর) এ, কে, মকবুল আহমদ
(প্রাক্তন) ভারপ্রাপ্ত পুলিশ কর্মচারী, মেহেরপুর থানা,
কুষ্টিয়া, বাংলাদেশ।

শিরোনাম	সূত্র	তারিখ
সিনেটর এডওয়ার্ড কেনেডীর প্রতি বাংলাদেশের বুদ্ধিজীবি, শিক্ষক, চলচ্চিত্র শিল্পী ও কুশলী এবং ক্রীড়াবিদদের আবেদন	স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের দলিল	..... ১৯৭১

AN APPEAL TO SENATOR EDWARD KENNEDY

We were not surprised when we saw you taking up the cause of the people of Bangladesh following the noble tradition of your great brothers John and Robert Kennedy. Your forthright denouncement of the Nazi-style campaign of genocide against the Bengali nation and the policy of appeasement as is being pursued by the U. S. President. Richard Nixon, clearly brought consolation for the entire people of Bangladesh. The nation has now overcome the shock of a sudden massacre campaign and is pledged to win freedom from one of history's crudest colonialisms.

Our cause is just and our victory shall mean the victory for justice and democracy-the ideals that you and the American people cherish most. But this victory is being delayed and the suffering of the people is being enhanced by American military and economic aid to Islamabad generals who are brutally suppressing the democratic aspirations of the people.

You have rushed to India to see for yourself the shocking plight of nearly eight million refugees who have fled from Yahya's guns to find minimum safety here. You may also witness the condition of seventy million others who could not flee. They are virtual refugees in their own country were sudden brutal death haunts them constantly. Already a million men, women and children have been methodically decimated. Gestapo- style raids daily pick up hundreds never to be heard of again. The economy of the region has been destroyed irreparably by senseless destruction of commercial and trading centers. Since March 25 Pakistani soldiers were let loose to commit murder, rape, loot and arson at will. Today, after four long months, there has been no let up in this gruesome orgy. And to crown it all has come the declaration of the trial by military court on 11 August 1971 of Sheikh Mujibur Rahman, the unchallenged and democratically elected leader of Bangladesh. General Yahya did not even hesitate to pronounce the verdict in advance. The great leader is certain to face murder by firing squad unless superior powers restrain the general and his accomplices.

Such a reign of terror can only help to aggravate the refugee problem by unbelievable proportions. But the way the world is proposing to cope with this horrifying tragedy calls for an immediate censure. Finding relief material for ever widening flow of refugees without removing the real cause of the exodus is in itself, becomes a self-defeating process. As every day passes the world moves a step nearer to an international bloodbath over the issue. Yet the dangers could be adverted so easily simply by U. S. refusal to prop up the economically and militarily bankrupt regime of Islamabad. We are sure that American taxpayers, if correctly informed about the tragedy, would be least inclined to foot the hill for Pakistani junta's massacre campaign in Bangladesh.

We appeal to you, your party and the American people to do everything in your power to force the U. S. Administration to reverse its present policy, recognise the People's Republic of Bangladesh and secure the safety and release of its President Sheikh Mujibur Rahman.

Signatories:

A. R. Mallick
Syed Ali Ahsan
K. Sarwar Murshid
Zahir Raihan
Qamrul Hasan
Ranesh Dashgupta
Faiz Ahmed
Alamgir Kabir
Hasan Imam
Wahidul Huq
Ashraf Ali Chowdhury
M. A. Khair
Kama Lohani
Brojen Das
Sadeq Khan
Belayet Hussain
Mustafa Monwar
Anupam Sen
Motilal Paul
Moudud Ahmed
Quamruzzaman
Farukh Khalil
Dewar Mohammad Ahmed
Ajoy Kumar Roy
Golam Morshed
Anwaruzzaman
Mazharul Islam
Shamsul Alam Sayed
Musharraf Hussain
Rashbehari Ghosh
Anisuzzaman
A. A. Ziauddin Ahmed
Kabori Chowdhury
Narayan Ghosh
Chittaranjan Chowdhury
Khashru Noman
Samar Das
Subhas Dutta
Abdul Jabbar Khan
Udayan Chowdhury
Raju Ahmed
Sumita Devi
Chitta Bordhan
and

Zafar Iqval.

On behalf of

Bangladesh Liberation Council of the Intelligentsia,
Bangladesh Teachers Association.
Bangladesh Film Artists & Technicians Association
Bangladesh Sports Association.

শিরোনাম	সূত্র	তারিখ
বাংলাদেশ শিক্ষক সমিতি গঠিত বাংলাদেশ আর্কাইভস কমিটি সংক্রান্ত তথ্য	বাংলাদেশ শিক্ষক সমিতি	১ জুলাই, ১৯৭১

BANGLADESH TEACHERS' ASSOCIATION
SPECIAL CIRCULAR

Dated 1-7-71

To,

Dear Sir,

Sub: BANGLADESH ARCHIVES

A Bangladesh Archives Committee has been constituted by the Bangladesh Teachers' Association for collection, preservation and record of all important publications, reports, developments, memoranda, documents, happenings, projects, programs, photographs, films and broadcasts concerning Bangladesh.

Professor Syed Ali Ahsan is the Chairman of the Committee and Mr. Sadeq Khan has been appointed Secretary. Arrangements have been made for safe custody and security cataloguing of records.

Materials may be donated in three categories: Confidential, Special, and General. It has been specifically stipulated that confidential materials may be sealed and stored without the contents being known to any archive official, for future reference strictly in accordance with the directions of the donors. Unsealed, the confidential materials would be kept in strict secrecy and will need the permission of the donors to be consulted. Special materials may be consulted by courtesy of the-Archive Committee, but will need the permission of the donors to be quoted. General Materials may be consulted or quoted by courtesy of the Archive Committee. You are requested to kindly cooperate with this committee by donating your materials for archives 'and by assisting in other ways in the notings and efforts of this committee for documentation of events and association of ideas in connection with Bangladesh movement.

Thanking you.

Yours truly
(Quamruzzaman)
MNA-in-charge
Educational Affairs
Govt. of the Peoples' Republic of Bangladesh,
and Executive Vice-President of Bangladesh
Teachers' Association.

শরোনাম	সূত্র	তারিখ
বাংলাদেশ বিজ্ঞান শিক্ষা সম্পর্কিত আলোচনা সভাসমূহের কার্যবিবরণী	বাংলাদেশ শিক্ষক সমিতির দলিল	২৫ নভেম্বর এবং ২ ও ৩ ডিসেম্বর, ১৯৭১

SCIENCE EDUCATION IN BANGLADESH

1.

A meeting was held with Mr. Z. Rahim in chair at 11, Sooterkin Street, Calcutta-I3 on the 25th November, 1971.

The following matters were discussed:

(1)Problems of education, in particular science education in Bangladesh.

(2)Objective of scientific education with special emphasis to the utilization of resources of Bangladesh for the maximum economic growth.

3) Methodology of Scientific education.

Items (1) and (2) were discussed fairly thoroughly. However, in the discussion it was realized that still more thinking was necessary to obtain the right pattern of scientific education which would best serve the objective as outlined in item (2)

Item (3) which naturally follow items (1) and (2) Was not discussed seriously.

The members were requested to think over the matters more seriously and express
their views very briefly in the next meeting so that an overall orientation of scientific education in Bangladesh could be found out.

The meeting was adjourned and it was resolved that the next meeting would be held at 12 noon on the 2nd December 1971 at 11. Sooterkin street to continue discussion.

The following members were present in the meeting:

1. Mr. P. K. Chakraborty
2. Mr. S. K. Bhaltachaijee
3. Dr. M. A.Saleh
4. Mr. C. R. Guha-Roy
5. Dr. A. Rahman
6. Mr. K. K. Roy
7. Mr. S. Alam
8. Mr. A. Das
9. Mr. K.M. Saha
10. Mr. S. K. Mukjiapadhaya
11. Mr. D. Sharma
12. Mr. N. C. Datta-Banik.

Zillur Rahim
25/11/71

* এই দলিলটি যথাসয়ে হাতে না আসায় তারিখের ধারাবাহিকতা রক্ষা করা সম্ভব হয়নি।

2.

A meeting was held on the 2nd December, 1971 at II, sooterkin St., Cal-13 with Professor R. Huq in the chair.

It was decided in the meeting that work of the scheme would be divided primarily into two phases, namely. Phase (1) Planning of courses of scientific studies with the objective of utilization of country's resources for economic development, and Phase (2) Writing of scientific books in Bengali.

It was further decided chat concentration would be given to work out planning of scientific studies as in Phase (1).

Scientists were advised to frame detailed plan of studies in the elementary levels of schools in the first place through discussion amongst themselves, so that comprehensive/courses of studies comprising different disciplines of science could be designed.

The meeting was adjourned and it was resolved that the next meeting could be held on the 13th December, 1971.

The following members were present in the meeting:

1. Dr. A. K.Roy
2. Mr. Sham sui Alam
3. Mr. S. K. Mukhapadhyay
4. Dr. A. Rabmatl
5. Mr. S. Ahmed
6. Mr. P. K. Chakraborty
7. Mr. K. B. Chakraborty
8. Mr. S. K.Saha
9. Dr. A. Quader
10. Mr. K. M. Saba
11. Mr. S.K. Bhattacharjee
12. Mr. K. K. Roy
13. Mr.N.C. Dutta-Banik
14. Mr. C. R. Guha Roy
15. Dr. A. Saleh
16. Mr. D. Sharma.
17. Mr. A: Das
18. Mr. Z. Rahim.

Sd/-

3.

A meeting was held on the 13th December, 1971 at 11. Sooterkin St., Cal-13 with Professor R. Huq in the chair.

The experts of the different branches of science placed in the meeting outlines of curriculum and syllabus of the science courses for the elementary and secondary classes of schools. These were thoroughly examined and discussed and the experts were requested to prepare syllabus for Class I to VIII and submit them in their final form on the next meeting to be held on the 16th Dec., 1971.

The following members were present in the meeting:

1. Dr. A Saleh
2. Mr. D. Sharma
3. Mr. A. Das
4. Mr. K.K.Roy
5. Mr. P. K. Chakraborty
6. Mr. S.K. Saba
7. Mr.Z. Rahim
8. Mr. S. Ahmed.
9. Dr. A. Rahman
10. Mr. S. K. Bhattachrjee
11. Dr. A. Quader.
12. Mr. N. C. Dutta-Banik
13. Mr. S. K. Mukhapadhyay
14. Mr. K. M. Saha.
15. Mr. K. B. Chakraborty.

Sd/------
13. 12.71

শিরোনাম	সূত্র	তারিখ
বাংলাদেশকে সমর্থন এবং স্বীকৃতির জন্য সরকারকে রাজী করানোর অনুরোধ জানিয়ে বৃটিশ জনগণের প্রতি আহবান	এ্যাকশন কমিটির প্রচারপত্র	এপ্রিল, ১৯৭১

S O S

BANGLADESH

DEAR PEOPLES OF GREAT BRITAIN.

The People of '*Bangladesh*' arc being massacred in a *'Nazi like'* manner. Their only crime-They wan ted-freedom and equality!

Brutal and powerful as the West Pakistani butchers are: They have failed to subjugate the freedom loving people of '*Bangladesh*'.

They have bombarded our universities, our student hostels; our houses and even our hospitals!!

They have committed a crime, which is both un-pardonable and unparalleled in human history.

The Bengalis have fought back with courage faith, and their bows & arrows; knives and bamboo sticks against modern Tasks, Sabre Jets, Artillery, Machine Guns and Bazookas!

IN THE NAME OF HUMANITY—please come to the help of Bangladesh.

We believe that the freedom loving peoples of Great Britain can help us and we implore them to come forward now with all the moral and material support that they can muster.

MAKE YOUR GOVERNMENT RECOGNISE AND SUPPORT BANGLADESH' NOW!!

BANGLADESH ACTION COMMITTEE
52, Wordsworth Road.
Small Heath.
Birmingham 10.

শিরোনাম	সূত্র	তারিখ
পাকিস্তানী ব্যাংক ও বীমা কোম্পানীতে টাকা না রাখার জন্য প্রবাসী বাঙালীদের প্রতি আহবান	এ্যাকশন কমিটির প্রচারপত্র	এপ্রিল, ১৯৭১

পাকিস্তানের শব দাফন

পাকিস্তানের অর্থনীতি খতম। আসুন এবারে আমরা সবাই মিলে তার কাফন তৈরীর কাজে লেগে যাই।

গত তেইশ বছর ধরে ওরা আমাদের শোষণ করে এসেছে এবং আমাদের টাকায় বন্দুক কিনে আজ আমাদের বুকে মারছে। ওদের ব্যাংকে অথবা ইন্সিওরেন্স কোম্পানীতে টাকা দেয়া মানেই তাদের বন্দুক কিনতে সাহায্য করা। অতএব আসুন, আমরা ওগুলোকে বর্জন করে আমাদের মুক্তিসংগ্রামকে আর এক ধাপ এগিয়ে দেই।

১। দেশে পরিবারের কাছে টাকা পাঠাতে বিকল্প ব্যবস্থা গ্রহণ করুন।

২। অবিলম্বে নিম্নলিখিত পশ্চিম পাকিস্তানী ব্যাংকের একাউন্ট বন্ধ করুন এবং পশ্চিম পাকিস্তানী ইন্সিওরেন্স কোম্পানীর পলিসি 'সারেন্ডার' করুন।

ব্যাংকঃ ন্যাশনাল ব্যাংক অব পাকিস্তান। হাবিব ব্যাংক লিমিটেড। ইউনাইটেড ব্যাংক লিমিটেড। স্ট্যান্ডার্ড ওভারসিজ ব্যাংক অব পাকিস্তান। কমার্স ব্যাংক। মুসলিম কমার্শিয়াল ব্যাংক লিমিটেড।

ইন্সিওরেন্সঃ ইস্টার্ণ ফেডারেল ইউনিয়ন ইন্সিওরেন্স কোং। আদমজী ইন্সিওরেন্স কোং। হাবিব ইন্সিওরেন্স কোং। মুসলিম ইন্সিওরেন্স কোং।

পিপলস রিপাবলিক অব বাংলাদেশ ইন ইউ-কে, বেজওয়াটার ব্রাঞ্চ-এর সৌজন্যে।

শিরোনাম	সূত্র	তারিখ
ব্রাডফোর্ডের বাংলাদেশ সংগ্রাম পরিষদের ২৫শে এপ্রিল অনুষ্ঠিত সভার প্রস্তাবাবলী	এ্যাকশন কমিটির প্রচারপত্র	২৫ এপ্রিল, ১৯৭১

BANGLADESH SANGRAM PARISHAD (BRADFORD)
9 Cornwall Terrace
Bradford BD8 7JT

২৫শে এপ্রিল, ১৯৭১

অদ্য রবিবার ২৫শে এপ্রিল স্থানীয় টেক্সটাইল হলে বিকাল তিন ঘটিকার সময় ব্রাডফোর্ড বাংলাদেশ সংগ্রাম পরিষদের এক কাউন্সিল মিটিং অনুষ্ঠিত হয়। সংগ্রাম পরিষদের একজিকিউটিভ কমিটির সদস্যরা সুষ্ঠুভাবে সংগ্রাম পরিষদের কার্যাবলী পরিচালনা করতে না পারায় ও নানারূপ মতানৈক্যের সৃষ্টি হওয়ায় উপস্থিত কাউন্সিল সদস্যগণ সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত ব্যাক্তিগণের হতে পরিষদের দায়িত্বভার অর্পণ করেন এবং নতুন কমিটি না হওয়া পর্যন্ত তারা পরিষদের সকল কাজ চালিয়ে যাবে। আজ থেকে পুরাতন একজিকিউটিভ কমিটির সকল সদস্যকে তাদের সকল প্রকার দায়িত্বভার থেকে মুক্তি দেয় হলো।

উক্ত কমিটি এ সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্ত নেয়া হয়ঃ

1) আজ পর্যন্ত পরিষদের নামে যে সমস্ত চাঁদা নেয় হয়েছে তা ফিরিয়ে দেয়া হবে।
2) ইয়র্কশায়ার ও অন্যান্য সংস্থাতে যারা পরিষদের পক্ষে প্রতিনিধিত্ব করছিলেন তাদের আর প্রতিনিধিত্বের ক্ষমতা থাকবে না।
3) একজিকিউটিভ কমিটির পুরনো সদস্যরা নতুন একজিকিউটিভ কমিটিতে অবশ্যই সদস্য হতে পারবেন না।
4) ইয়র্কশায়ারসহ অন্যান্য সংস্থাতে প্রতিনিধিত্ব করার জন্য নতুন একজিকিউটিভ কমিটি নতুন প্রতিনিধি নিযুক্ত করবে এবং সকল সংস্থাকে লিখিতভাবে জানিয়ে দেবে।
5) নতুন একজিকিউটিভ কমিটি গঠন না হওয়া পর্যন্ত সংগ্রাম পরিষদদের কোন কাজ নিম্নলিখিত ব্যাক্তিগণের লিখিত পত্র ব্যতিরেকে হতে পারবে না।
6) আগামী রবিবার পরিষদের নতুন একজিকিউটিভ কমিটি গঠন করা হবে। স্থান ও সময় পরে জানানো হবে।

কাউন্সিলের পক্ষ থেকে নির্বাচিত সদস্যবৃন্দ (স্বাক্ষর)ঃ

১। এম, খান
২। নূরুল ইসলাম চৌধুরী
৩। হাজী আসাব আলী
৪। এস, আবেদীন
৫। এন, উল্লাহ
৬। আবদুস সোবহান
৭। মোঃ আজিজুর রহমান
৮। সায়িফউদ্দিন আহমদ
৯। নূরউদ্দিন
১০। আলতাব আলী
১১। সুনফর আলী
১২। সোহরাব আ
১৩। আনাম খান
১৪। বসির উদ্দিন
১৫। মজলিস আলী

(সীলমোহর)
Bangladesh Sangram Parishad
9, Cornwall Terrace
Bradfor BD8 7JT

শিরোনাম	সূত্র	তারিখ
স্বাধীনতা যুদ্ধের পরিপ্রেক্ষিতে রচিত বাংলাদেশের কবিগান	বাংলাদেশ এ্যাসোসিয়েশন (ল্যাংকারশায়ার ও পার্শ্ববর্তী এলাকা) প্রকাশিত পুস্তিকা	মে, ১৯৭১

বাংলার এ দুর্দিনে যার অপার উৎসাহে এই ক্ষুদ্র কবিগান লেখা সম্ভব হলো, তিনি আর কেউ নন- তিনি আমার প্রতিবেশী ও পরম শুভাকাংক্ষী বন্ধুবর মাষ্টার এ, আজিজ। তারই সহযোগিতায় কবিগানটি উৎসর্গ করলাম রকেট যুগের অগ্নিপুরুষ, বঙ্গজননীর বীর সন্তান স্বাধীন বাংলার স্রষ্টা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সাহেবকে...

''আমাকে বন্দী করো, আমাকে হত্যা করো-
এতে আমার দুঃখ নেই; কিন্তু আমার দেশবাসীর
উপর অত্যাচার কোরো না।'' মুজিব-

বাংলাদেশের কবিগান

-কবি আবদুর রহমান খান রচিত

চিল শকুনে মানুষ খায় হায়রে সোনার বাংলায়
হুকুম দিল এহিয়ায় খুন করিতে।। (ধুয়া)

উনিশ সাত চল্লিশ সনে, হিন্দু আর মুসলমানে
সোনার ভারত স্বাধীন আনে বৃটিশ রাজ হতে
দুই ধর্ম দুই জাতি পাক-ভারত হলো স্থিতি
গেল ভাই বাংলার শক্তি দুই ভাগেতে।।

পূর্ব-পশ্চিম পাকিস্তানের শাসন করে খান পাঠান
বাঙ্গালীরা ভাই জানে ভাব ভক্তিতে
পূর্ব বাংলার ফল ফসল তাদেরে খাওয়াইয়া সকল
বাংলার মানুষ হল দুর্বল এ জগতে।।

ধর্মের নাকে জুয়া খেলা লুটলোরে সোনার বাংলা
তেইশ বছরের দুঃখ জ্বালা পারি না সহিতে,
কি বলিব দুঃখের কাহিনী দুই নয়নে ঝরে পানি
দেশে যত হয় আমদানী তাদের ভাগ্যেতে।।

পাট তামাক চা আমরা ফলাই, গো মহিষের চামড়া খল
মোদের ভগ্যে সকলই ছাই খাই, তাদের হাতে
দুঃখের উপর দুঃখ ভারী, কড়াক্রান্তি হিসাব করি
দিতে হ'ল খাজনার কড়ি অফিস আদালতে।।
বলছি গত বন্যার কথা, হঠাৎ এল ঘূর্ণিবার্তা।
হারায়াছি ভগ্নি ভ্রাতা পানি না ভুলিতে,
হাতিয়া সন্দ্বীপের অধিবাসী একশ পঁচিশ হাজারের বেশী
জলের স্রোতে গেল ভাসি নদী নালাতে।।

ভোলা ও পটুয়াখালি হয়ে গেছে মানুষ খালি
মায়ে ছেলে গলাগলি ভাসা পানিতে
নোয়াখালী ও বরিশালে মানুষের লাশ খালে বিলে
মাংস খাইল কাক শৃগালে পাইলাম দেখিতে।।

মানুষ পশু সারি সারি ভাসল জলে মরি-মরি
সোনার বাংলার নরনারী কাঁদছে শোকেতে
ওদের কান্দনের সুর শুনল কি সরকার বাহাদুর
বল মোদের কিয়া কসুর চাই জানিতে।

ডুবল মাঠের পাট ধান্য ঘরে নাই কারো মুষ্টি অন্ন
কি আছে বাংগালীর জন্য জীবন রাখিতে
বাংলাদেশের কয়টি জেলা চিটাগাং ঢাকা কুমিল্ল
বারে বারে বন্যার ঠেলা আছে ভুগিতে।।

মানপুরাতে মরছে মানুষ আহার বিনে হইয়া বেহুঁশ
পশ্চিমারা খায় কাঁঠাল কোষ ময়দার রুটিতে
বড় কষ্টে দিন কাটাই ডাইল ভাত খাইতে না পাই
তৈল বিনা জটারে লাগাই বধূর চুলেতে।।

নায্য দাবী চাইলে মোরা বহে মোদের রক্তধারা
কারো হাতে শিকলকড়া ভরে জেলেতে
বাংলার যুবক বি-এ পাশ দেশে কাটে ঘোড়ার ঘাস
কেউ টানেরে মরা লাশ চৌকিদারীতে।।

উনিশ আটান্ন সনে আইয়ুব বসেন সিংহাসনে
ইস্কান্দার মির্জা যায় বৃটেনে প্রাণের ভয়েতে
কামান গোলার ভয় দেখাইয়া রক্ত মোদের খায় চুষিয়া
বাংলার মানুষ চুপ করিয়া রইল ঘরেতে।।
শোনেন দেশের ইতিকথা দেশে আনল চেয়ারম্যান প্রথা
ভাঙ্গিল বাংগালীর মাথা ভোট না দিতে
সংখ্যায় আমরা অনেক বেশী দুঃখের ভিতর ফুটে হাসি
বানাইতে চায় মানুষ ডাক্তারী মতে।।

শেরে বাংলা সুহরাওর্দী বাংলার শোকে কাঁদি কাঁদি
দুঃখ পাইল জন্মবধি অন্যায় শক্তিতে।
রেখে গেল প্রেমসিন্ধু শেখ মুজিব বঙ্গবন্ধু
জাগিল বাংগালী পঙ্গু তাহার ডাকেতে।।

স্ট্রাইক হল কলেজ স্কুল ছাত্রছাত্রী তুলল রোল
বাংগালীরা আঁখি খোল সংগ্রাম চালাইতে

ভয় পেয়ে বীর আয়ুব খানে এহিয়াকে ডেকে আনে
বসাইল নিজাসনে স্বার্থ রখিতে।।

নেতা যেজন পিতা বটে হয় না নেতা বটে চটে
নেতা হয়ে গণভোটে স্বাধীন দেশেতে
হইল দেশে ভোটাভোটি বাংগালীরা সপ্তকোটি
ভোট দিয়াছে মানুষ খাঁটি মুজিবের হাতে।।

শেখ মুজিবের হ'ল জয় পাঞ্জানী পাঠানের ভয়
বাংলার বুকে হ'ল উদয় চন্দ্র নিশিথে
মুজিব হবেন রাষ্ট্রশ্রেষ্ঠ পাঞ্জাবীদের মনে কষ্ট
কি ভাবে হয় শ্রেষ্ট নষ্ট ভাবে কমজাতে।।

কলকৌশলে তিন মাস গেল দুটি তারিখ বাতিল হল
বাংলার মানুষ জেগে উঠল বাঁচার দাবীতে
মোদের এত রোনাজারী দেখ এহিয়ার ছলচাতুরি
কারফিউ আইন জারি করি দলি ঢাকাতে।।

বঙ্গবন্ধু বল্লেন তবে এবার বাংলা স্বাধীন হবে
বাংলার মানুষ কাঁদবে কত পেটের ক্ষুধাতে
আছে হাড় নাই মাংস সব নিয়াছে রাবন কংস
হায়রে অসুরের ধ্বংস মানব সুরেতে।।

যখন ভুট্টো এহিয়ায় মিলে ঢাকায় যায় মিটিং-এর ছলে
আশায় ভাষায় কথা বলে শর্ত সন্ধিতে
পাঠান পাঞ্জাবী সত্তর হাজার বংগসাগর দিচ্ছেরে পারি
কেউ জানে না সংবাদটি তার বাংলার মাটিতে।।

ভুট্টো এহিয়া পাজি কথা বলে আজিবাজি
পৌঁছিল যাইয়া করাচী পশ্চিম দেশেতে
দেশে গিয়ে দিল ভাষণ শেখ মুজিব রাষ্ট্র দুশমন
সাত কোটি বাংগালীর মন তখন জ্বলে গোস্বাতে।।

শেখ মুজিবের স্বপ্নধ্যান সাত কোটি বাংগালীর প্রাণ
বৃদ্ধলোক হইয়াছে জোয়ান শত্রুনাশিতে
কেঁপে ওঠে ঢাকার সিটি কেউ লইলরে হস্তে লাঠি
চায় ওরা শান্তি সৃষ্টি অশান্তি দেশেতে।।

তখন উঠল বাংলার জয় পতাকা চারিদিকে তার স্বর্ণমাখা
ভিতরে বংগের চিত্র আঁকা বাংলা কালিতে
আহা কি বিচিত্র নিশান জানিয়া কোন কবির ধ্যান
এই নিশানের গাহিব গান বাঁচলে ধরাতে।।

চোরের মতন রাত বারটায় দুশমন সৈন্য গেল ঢাকায়
গান মেশিন ট্যাংক বন্দুক চালায় ঘুমের ঘরেতে
ঘরে ঘরে আগুন দিল ঢাক শহর ছাই করিল
লক্ষাধিক মানুষ মরিল কামানের গোলাতে।।

ভাংলো ঢাকার ইউনিভার্সিটি ছাত্র মারল কোটি কোটি
রাংগা হোল ঢাকার মাটি মানুষের রক্তে
রোকেয়া ইকবাল হলে তিনদিন ভরা আগুন জ্বলে
নাশিল শিক্ষা সমূহে গোলাম বানাইতে।।

হাকিম মোক্তার ব্যারিষ্টার প্রফেসার আর লেকচারার
মারে কত বিজ্ঞ ডাক্তার অগ্নি অস্ত্রেতে
হত্যাযজ্ঞ অবশেষে ছড়ে পড়ে সারা দেশে
শহর বন্দর ভরল লাশে চিটাগাংগেতে।।

বিদেশী সাংবাদিক যারা তাদেরে করিয় তাড়া
মিটাইল সাধ পুরাপুরি মনের খুশিতে
হোস্টেল বোর্ডিং দিয়ে হানা চালাইল হায় জিনাকিনা
কবিতার ছন্দ চলে না এসব লিখিতে।।

হসপিটাল ফার্মেসী যত ভাঙল ঢাকায় শত শত
সৃষ্টি নতুন ইতিবৃত্ত বংগ ভুমিতে
রেডক্রস দিল ফিরাইয়া পাষাণ নিষ্ঠুর ইয়াহিয়া
গেল ভাই কারবালা হইয়া ঢাকার বুকেতে।।

যেমন এজিদ সীমার মারোয়ান, এহিয়া ভুট্টো টিক্কা খান
বধিতে বাংগালী সন্তান নামল রণেতে
জয়নাল আবেদীন হবেই রাজা উড়াও স্বাধীন বঙ্গধ্বজা
ঠিক রাখ ভাই নামাজ রোজা ইমানের সাথে।।

কচি কচি ছেলেমেয়ে বাঁধিল পাষাণ কোন হৃদয়ে
শিশুর লাগি কাঁদে মায়ে বসি রাস্তাতে
লক্ষ লক্ষ নরনারী চলে গেল গৃহ ছাড়ি
বনজঙ্গল পাড়ি দিয়া স্বাধীন ভারতে।।

ধন্যরে ভাই ভারতবাসী, তোরাই মোদের প্রতিবেশী
তোরাই ফুটাইলি হাসি- মায়ের মুখেতে,
থাকবো তোদের চিরঋণী, লিখবো ভাই ভারতের কাহিনী
উঠবে যখন দিনমণি, ভাঙ্গা ঘরেহে।।

কুমিল্লার শ্রী ধীরেন দত্ত, গুলিতে হইলেন নিহত,
কাঁদছে মানুষ শত শত সারা বাংলাতে

শুটিং, লুটিং, বার্ণিং, হত্যা বলবো কত মৃত্যুর কথা
নত নয় বাংগালীর মাথা থাকবে উঁচুতে।।

রংপুরের মশিউর রহমান, হয়ে গেলেন শহীদ কুরবান
সিলেটে ফরিদ দেওয়ান অনেক মতে।
ছিল ওরা দেশের বাতি, থাকবে অমর ওদের খ্যাতি
ফিরে যদি বাংলার জ্যোতি, আল্লার কৃপাতে।।

সারা বঙ্গে পড়ল সাড়া, বুকটান করিয়া দাঁড়া
লড়তে হবে গুলি ভরা বন্দুকের সাথে।
বাংলার পুলিশ, ই পি আর, হেরি দুঃখ বঙ্গ মা'র,
রণ করিতে হ'ল তৈয়ার আনন্দ চিত্তে।।

রাখতে হবে বাংলা স্বাধীন, থাকলে ধরার আসমান জমিন
বলেছেন মন্ত্রী তাজউদ্দীন, বাংলা হতে,
মৌলানা ভাসানীর বাড়ী, উঠছেরে শহীদের ধ্বনি
বিলাইয়া দে জিন্দেগানী, আল্লার রাহেতে।।

ওরা দিল বীরের পরিচয়, জয় জয় বাংলা জয়,
শত্রুসৈন্যের পরাজয় রণ ক্ষেত্রেতে,
শত্রুসেনা রণ ছাড়ি, উঠল রে আকাশে উড়ি
প্লেন হতে বোমার ঝড়ি লাগে ফেলিতে।।

বাংলাদেশের জেলায় জেলায় কাপুরুষরা বোমা ফেলায়
কুষ্টিয়া ও চুয়াডাংগায় ভীষণ জোরেতে,
হায়রে মোদের অস্ত্র নাই, মরবে কি বাংগালী সিপাই
ভাই মরিলে কাঁদবেরে মায় পুত্র শোকেতে।।

দিনাজপুরে আবদুর রবে বীরত্ব দেখায় সগৌরবে
বংগ মা তোর জয় হবে স্বাধীন জঙ্গেতে,
শ্রীহট্টে মেজর ওসমান, রাখিতে স্বাধীন জন্মস্থান
চালাইল যুদ্ধ অভিযান নানান জেলাতে।।

ইউনুস আলী চীপ এডভাইজার আরেক সন্তান বঙ্গ মা'র
পশ্চিম পাকিস্তানে হাজার হাজার আছেন বন্দীতে।
ওরা যদি থাকতো মুক্ত, দেখতে মা তুই শত্রুর রক্ত
আদায় করতো তোমার শর্ত ভীম পদাঘাতে।।

বোশেখ মাসের পাকা ধান, মাঠে মাঠে হইল বিরাট
কৃষক শ্রমিক লড়িতে যান, পাছে বৃদ্ধ পিতা হাঁকে
শত্রুমাররে লাখে শোভা নাই এতে।।

এই মতন হাজার ভাই সভার নাম জানা নাই
ওদের কাছে সালাম জানাই বিলাত হইতে,
নছিব মন্দ ঘরের বার, মোরা হেথায় আমি হাজার
পাইলাম ভাগ শহীদ সুধার কলির যুগেতে।।

যেথায় যত বংগবাসী দেশের লাগি হও উদাসী
কে দোষী কে নির্দেষী দেখরে শেষেতে,
ছাড় হিংসা দলাদলি ঐক্য দাঁড়াও মাথা তুলি,
মাকে ডাক 'মা' বলি আও একতাতে।।

মিনতি বিশ্বের মহাশক্তি, বাংলাদেশের চাই স্বীকৃতি
সাত কোটি মানুষের শান্তি, চাই কমনওয়েলথে,
শুন মা ইংলন্ডের রাণী, তোমার কাছে এই বাণী,
দাও ফিরাইয়া চিন্তামণি, সিরাজ বাংলাতে।।

গানটি আমার রক্তলেখা, উর্ধ্বে তোর জয় পতাকা,
মায়ের অঙ্গে রক্ত মাখা, বাংলা ভাষাতে।
বলছে কথা এ রহমান, এবার মোদের শেষ রক্তদান,
জয় বাংলার জয় গান, গাওরে খুশীতে।।

প্রকাশনায়ঃ বাংলাদেশ এসোসিয়েশন (ল্যাংকাশায়ার ও পার্শ্ববর্তী এলাকা) ৩৩৬, স্টকপোর্ট রোড, ম্যানচেস্টার।

প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত।

লেখক বৃটেনে কর্মরত একজন সাধারণ শ্রমিক। ১৯৭১ সনের ৮ মে ম্যাঞ্চেস্টারে অনুষ্ঠিত জনসভায় গানটি পরিবেশিত হয়। এই সভায় বিচারপতি আবু সাঈদ চৌধুরী উপস্থিত ছিলেন।

শিরোনাম	সূত্র	তারিখ
লন্ডনে গঠিত বাংলাদেশ গণ-সংস্কৃতি সংসদের উদ্দেশ্য ও কার্যাবলী সম্পর্কে প্রতিবেদন	লন্ডনস্থ বাংলাদেশ গণ-সংস্কৃতি সংসদের দলিলপত্র	জুন, ১৯৭১

BANGLADESH PEOPLES CULTURAL SOCIETY

59, Seymour House
Tavistock Place
LONDON WCI
Phone 837-4542

AN INTRODUCTION

The Bangladesh Peoples Cultural Society in U.K. is an organisation of the writers, poets, painters, musicians, signers, teachers, students, scientists, journalists, and all others from Bangladesh engaged in cultural activities and are staying overseas for one reason or the others.

The object of the Society is to support the liberation struggle of the people of Bangladesh, to project the cultural basis of our nationalism to impress upon the world opinion the inevitability of the independence of Bangladesh, and particularly to establish close contact with and obtain support from the progressive and freedom-loving intellectuals of the world in favor of the struggle against the worst kind of dictatorship and colonialism in Bangladesh.

It is the duty of the Bangladesh Peoples Cultural Society to build up and sustain a zeal and a determination among the people to preserve the cultural heritage of Bangladesh and destroy the peoples culture.

It is urged upon all patriotic citizens of the Peoples Republic of Bangladesh to participate in the activities of the Society. In order to achieve the above objectives the Society will endeavor to arrange lectures, seminars, symposia, debates, musical soirees, patriotic dramas, organise special exhibitions of paintings, photographs and films, publish appropriate journals; and sponsor cultural delegations from Bangladesh for better dissemination of the peoples culture of our country.

Citizens of the Peoples Republic of Bangladesh are requested to contact the above address.

LONG LIVE THE PEOPLES REPUBLIC OF BANGLADESH.

Munni Rahman
General Secretary

Enamul Haque
President

JUNE 1971

শিরোনাম	সূত্র	তারিখ
বৃটেনে গঠিত বাংলাদেশ গণ-সংস্কৃতি সংসদ প্রচারিত স্বাধীনতা সংগ্রামের গান (বাংলা ও ইংরেজী)	বাংলাদেশ গণ-সংস্কৃতি সংসদের প্রচারপত্র	জুন, ১৯৭১

BANGLADESH PEOPLES CULTURAL SOCIETY
London.

1.
Where the land is pure and air is fresh
That is Bangladesh-..
Where the rivers flow through the fields to sea
Where the sky is blue and cloud milky
Where all birds can sing
in winter and spring
through storms and rains
in ever happiness
That is Bangladesh.
Where the farmers and workers all fight serfdom
Wherein blood is spilled to build freedom
Where we resist all fascists
and fight colonialists
and crush all enemies
in ever readiness.
That is Bangladesh.
Lyric & Tune: Enamul Haque Bangali

2.
Listen my friend will you listen
1 am a Bangladeshi citizen
My head is burning
My heart is aching
Still my soul goes singing on.

My mother's nose-ring has been stolen
My home and hearth have all been broken

I lost my love-bird lost my orchard
Still I have not become a coward
My rivers are there
My boats are all there
I shall sail now everywhere.

Lyric: Enamul Haque Bangali
Tune: Bengali Traditional (adopted)

স্বাধীনতা সংগ্রামের গান

১.

এসো দেশের ভাই এক সাথে সবাই
এসো ভেদাভেদ ভুলে এবার করব যে লড়াই।।
যেখানে কণ্ঠভরা ছিল গান আর গোলাভরা ছিল ধান হে
যেখানে শিশুর মুখের হাসি দেখে জুড়াত সব মায়ের প্রাণ হে
আজ সেই দেশেতে ঘরে বাইরে কোথাও শান্তি নাই।

অত্যাচারী হত্যাকারী নরপিশাচের আক্রমণে।
বর্বর বিদেশী যত শোষকের ঘৃণ্য আচরণে।
যেখানে শহরে বন্দরে গ্রামে উঠেছে আজ সংগ্রামের ঢেউ
যেখানে ছেলেবুড়ো মা বোনেরা মৃত্যুকে আর ভয় করে না কেউ
সেই বাংলাদেশের স্বাধীনতা আনব যে আমরাই।।

বাংগালী জাগে বাংগালী জাগে বাংগালী জগে
লড়াই-এর ময়দানে ছুটে কে যাবি চল আগে।।

মাতৃভূমি কাঁদেরে ভাই জন্মভূমি কাঁদে বাংলাদেশ কাঁদে
লড়াই লড়াই লড়াই কর পা দিও না ফাঁদে।।

২.

মুক্তি যদি পেতে চাও হেইও হেইও হেইও
অস্ত্র হাতে তুলে নাও হেইও হেইও হেইও
বুক ফুলিয়ে এগিয়ে যাও হেইও হেইও হেইও
মুক্তি ফৌজ নাম লেখাও হেইও হেইও হেইও
যার বুকে আছে দেশের টান হেইও হেইও হেইও
সে দিতে পারে নিজের প্রাণ হেইও হেইও হেইও
সাবাস বাংলার মজুর কিষাণ হেইও হেইও হেইও
সাবাস বাংলার নওজোয়ান হেইও হেইও হেইও
সব বেদনার হবে শেষ হেইও হেইও হেইও
স্বাধীন হবে বাংলাদেশ হেইও হেইও হেইও
মুক্তি যদি পেতে চাও হেইও হেইও হেইও
অস্ত্র হাতে তুলে নাও হেইও হেইও হেইও।।

কথা ও সুরারোপ- এনামুল হক

শিরোনাম	সূত্র	তারিখ
বৃটেনে গঠিত বাংলাদেশ-গণ সংস্কৃতি সংসদের কর্মকর্তাদের নামের তালিকা	বাংলাদেশ গণ-সংস্কৃতি সংসদের দলিলপত্র	জুন, ১৯৭১

BANGALDESH PEOPLES COULTURAL SOCIETY

List of office bearers and executive committee members :

1	President	Mr. Enamul Hoque, 33 Abbey Road, Oxford 0865 46837
2	Vice Presidents	Mr. Shafiqur Rahman, 146 Cheviot Gardens N.W. 2 4558031
3		Mr. Eazle Lohani, 93 Chippenham R.d.W. 9 Mr. Sahidud Dahar, 79 Chiltern Ways, Northampton
5	General Secretary	Mrs. Munni Rahman, 59 Seymour House, Tavistock PI WCI 837 4542
6	Joint Secretaries	Mr. Mahmud Hasan, 40 Longridge Rd, SW5 373 9675
7		Mr. Jakiuddin Ahmed, 37 Bellawye St. SW 12.
8	Organising Secy	Mr. Bulbul Mahmud, 89 Colvill Rd, E 11,556 0845
9	Treasurer	Mr. Anis Ahmed, 2 Temperley Rd, S.W. 12. 572 5720
10	Members	Mrs. Lulu Bilkis Banu, 27 Courtfield Grdns, SW5 373 7241
11		Mrs. Zebunnessa Khair, 96 Aderbrook Rd, SW 12.673 4197
12		Mr. Ahmed Hossain Joardar, 16 Samfoin Rd. SW 17.
13		Mr. Abdur Rouf, 2 Temperley Rd. SW 12.673 5720
14		Mr.A Rouf, 66/A Hanbury St. E. 1.247 1469
15		Mr.Mesbah Uddin Ahmed, 129 Haverstock Hill NW 2.722 2962
16		Mr. Nazrul Islam, 134 Himley Rd, SW17
17		Mr. A Razzak Syed, 111 Westbourne Park Rd, W2
18		Mr. Ziaur Rahman Khan. 16 Pirbright Rd. SW 12. 874 4296
19		Dr. Hujjat Ali Pramanik, 2 Putney High St, SW 15 788 1476

Note : New members may be co-opted and the organisation will have correspondi all over U.K.

শিরোনাম	সূত্র	তারিখ
লন্ডনে বাংলাদেশ মিশন প্রতিষ্ঠা প্রসঙ্গে নীতিগত সম্মতি জানিয়ে মুজিবনগর থেকে প্রধানমন্ত্রীর প্রধান সহযোগীর চিঠি	ডঃ এনামুল হককে লিখিত চিঠি	৮ জুন, ১৯৭১

D.O. No. 210

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
Mujibnagar
July 8, 1971

Mr. Enamul Huq,
33 Abbey Road.
Oxford. U. K.

Dear Mr. Huq,

I received your letter dated 18th May '71 which you kindly sent through Mr. Chesworth. I have carefully gone through your various proposals. The Govt. have no objection in principle with regard to opening of Bangladesh Centre or Bangladesh Mission in England. We are sending necessary instructions and advise to Mr. Justice Chowdhury and his Steering Committee. This indeed will help to exchange our news and views. I personally feel that the need is too greet for such an office and if this be agreed by the Steering Committee, certainly we will welcome such effort.

With regard to Mr. Pasha. I have never met him. I don't know if he has come to Calcutta. As far as we are concerned we would like to coordinate all our activities through the Steering Committee. At this moment we are discussing the details with Mr. Bhuia who is now on his visit here.

With regard to the Philatelic, the designs have been approved. If you have other designs in hand please go ahead and send them for our approval. There is no harm in having more. With regard to publications, our Calcutta Mission has not been able to publish any news bulletin as yet. We very much look towards our London Office for bringing out a good publication immediately, at least in form of a News Bulletin.

Please show this letter to Mr. Justice Chowdhury and have his concurrence in all your activities which you propose to do. Convey my best regards to Mr. Justice Chowdhury and other friends in Britain.

With kindest regards,

I remain.
Yours sincerely.
(Rahmat Ali)
Principle Aide to the Prime Minister.

শিরোনাম	সূত্র	তারিখ
প্রবাসে বাংলাদেশের বিশ্ববিদ্যালয় গঠনের প্রস্তবসহ বিচারপতি আবু সাঈদ চৌধুরীকে লিখিত চিঠি	ওয়ার্লড ইউনিভার্সিটি সার্ভিসের পক্ষে এ্যাসোসিয়েট এক্সিকিউটিভ সেক্রেটারীর চিঠি	৮ জুলাই ১৯৭১

World University Service
20 West 40th Street, New York, N. Y. 10018.

July 8, 1971

Justice A. S. Chowdhury
11 Goring Street
London EC 3, England.

Dear Justice Chowdhury,

It was a privilege to have met with you during your brief visit to New York in connection with focusing U. N. and IJ. S. attention on the grim drama being enacted in Bangladesh.

I am writing this letter to propose an idea, and will deeply appreciate your response.

As you know. World University Service is committed to the assistance of students and scholars around the world, particularly when the university community is seriously affected, as in the case of the current Pakistani crisis. I think that the establishment of a University-In-Exile for those students and scholars who have fled from East Pakistan will not only dramatize the tragedy, but also serve as an oasis for those who have been persecuted. In a larger and more universal sense, it will also serve as a symbol of hope for others in the world who may have experienced the same kind of suffocation that totalitarian governments often impose on intellectuals.

If the Bangladesh University-In-Exile, located probably in West Bengal or any other part of India, sounds feasible, then a plan could be drawn up to secure substantial assistance from a major Foundation in the United States to give shape and substance tc this concept.

We feel that an outright appeal for funds to aid the refugees will not have much success with major foundations, since they do not look upon themselves as relief agencies, but rather as development agents that can effect social change.

Before I venture to draw up any plans to send to you for your comments and suggestions, I would like to get your reaction to the idea as such. I am sending copies of

this letter to several people, as you can see, and will keep you posted about their reactions.

With all my best.

Sincerely yours.
K. B. Rao
Associate Executive Secretary,

cc Mr. S. Chidambaranathan
Dr. Harry D. Gidconese
Mr. Enamul Haque
Mr. Jamshed Khan
Dr. A. R. Mallick
Mr. Leon O. Marion
Dr. Glen T. Nygreen
Mr. Leonard Sussman

শিরোনাম	সূত্র	তারিখ
লন্ডনের হাইডপার্কের সমাবেশে বিচারপতি আবু সাঈদ চৌধুরীর ভাষণের বিবরণী	লন্ডনস্থ এ্যাকশন কমিটির দলিলপত্র	১৮ জুন, ১৯৭১

"Joy Bangla-Joy Bangla"

We have assembled here to put an appeal to the people of Great Britain and to the people of the world to convey our message to them that butcher Yahya Khan of West Pakistan is continuing an unabated programme of genocide on Bangladesh. And it is the duty of all the freedom loving people of the world to condemn him and to stop him continuing with his programme of genocide. Today we have here we are going with a procession after this meeting is over to the Chinese Embassy and to the American Embassy with our appeal to them to stop their Aid to Yahya Khan and his brutal regime. I will request you all to raise your voice against this tyrranian oppression and to raise your voice with us so that the government of the world particularly Govt. of the people's Republic of China and America stop aid and recognize Bangladesh. And I can only say to you that top stop this genocide is the only way to recognize Bangladesh. And there is no other way out. So, I would request you to raise yoyr slogan with me, "Recognize, Recognize"-"Bangladesh, Bangladesh." "Recognize, Recognize"- "Bangladesh, Bangladesh," "Love live, Long live"-"Bangladesh, Bangladesh." "Long live, long live"- "Bangladesh, Bangladesh." Thank you, I would now request our special representative of the Govt. of Bangladesh Hon'ble Mr. Justice Choudhury to come upon the stage and to say few words to you. Thank you very much.

Clapping and Slogans: Joy Bangla!

Justice Abu Sayeed Chowdhury

"Friends and fellow citizens of independent Bangladesh, I convey to you on behalf of the Govt. of Bangladesh, their sense of gratitude and the warm Sympathy and support at this hour of our grim struggle.

Clapping-----

You are aware, ladies and gentlemen, that we have been trying by constitutional means to put an end to the political domination and economic exploitation which we have suffered in silence for the last twenty three years. But you are also aware, ladies and gentlemen, how the army junta of Yahya Khan stopped the attainment of our goal by constitutional means. And on the twenty-fifth March a. midnight they let loose the army on the unarmed civil population of Bangladesh and committed and are still committing genocide on the people of Bangladesh. In the wake of this massacre, went up the spontaneous cry of independence (Shame! Shame ! ------) and the seventy five million people declared themselves independent of Yaha Khan's administration.

-Clapping--------

We are now engage in grim struggle to thwart the invading army of Yahya Khan. (Clapping .....Joy Bangla).

In that grief…….(Mike failed) grim struggle, we expect the support and sympathy of the peoples of the world. The agony in one part of the world must reach the peoples of all other parts. And we are particularly grateful to the British nation, to the British Press, Radio and Television for their profound sympathy with us at this hour of our peril. (Clapping……..)

We have only one part of the work today that is to thwart this invading army of Yahya Khan. (Clapping……) and to make the lives of the people of the seventyfive million Bengalees free from their attack, free from their rape- (Slogan…….Joy Bangla…….) you are aware that their troops burning the villages, committing rapes, killing children, and the genocide is going on. Will not the conscience of the world rise even at this! (appeal to the people and its governments of the world to condemn in most unmistakable term that the Yahya Khan's administration. I appeal to the governments of the world that no economic aid should be given to the government of West Pakistan. (Clapping…..)

You must all realize that there is no government of Pakistan to whom you can give aid. Yahya Khan himself has killed Pakistan. What exists today is only the government of West Pakistan. (Shame ! Shame !) And that government should not be given any economic aid to kill the unarmed population of Bangladesh. That is my one prayer to the government of the world. No arms supply should be given to kill the children, men and women of Bangladesh-who are determined to achieve independence and thwart the invading army. They rely on their own strength but at the same time they appeal to the people and to the government of the world that no aid should be given nor arms supply should be made available to Yahya Khan for killing the unarmed population of Bangladesh. Now, ladies and gentlemen, another false propaganda is being carried that the people of Bangladesh do not want independence. My fellow citizens of Bangladesh, I will request you, those of you who are determined to thwart the invading army and those of you who want independence of Bangladesh to raise your hands in support of the demands of Bangladesh. (Slogan: Joy Bangla ..... ….)

It ***is*** known to everybody that England is a land of freethinking and free expression. It is therefore, clear to everybody that you have raised your' hands willingly and nobody could compel you to raise your hand. You are the representative of Bangladesh abroad. Each one of you is a representative. And to your Bangladesh has made it known that the demand for independence is a demand of the seventy-five million people of Bangladesh (Clapping). It is not this demand of the miscreants as Yahya Khan uses to call the people of' Bangladesh. We arc, ladies and gentlemen, determined to face the invading army. We are determined to establish the rule of law in Bangladesh. And in that struggle we want the support, sympathy and cooperation of all concerned.

Now, my fellow citizens of Bangladesh, I have a special direction to communicate to you in the name of the Government of Bangladesh..

(Joy Bangla ...)

This procession-which will be taken immediately after this meeting, is not a procession of protest. It is a mark with an appeal to the few great powers the People's Republic of China, our closest neighbor and to the United States of America. Our appeal to them is to stop arms supply to Yahya Khan. Our appeal to them is to slop economic aid to Yahya Khan's army administration. The Govt. of Bangladesh, requests the citizens of Bangladesh to maintain peace and discipline in this appeal march and make it plain to the People of Great Britain who have been very hospitable as that we are a disciplined nation. (Clapping--------)

Our march should be a very peaceful one. There should not be any offensive slogans. There should not be any different sect shall to be two embassies of the to great countries. We fervently hope that the people of the United States of America and China will rise in our favor and stop giving any arms supply to Yahya Khan. (Clapping .....)

With that prayer, with that appeal the citizens of Bangladesh will go to the two nations of the two great countries in London. (Clapping.....)

I am told that our enemies are also active and they might send some people who will get mixed up with the people who are going on behalf of the Govt. of Bangladesh and shall be prostrate to these missions. I make it plain that those who engage themselves in their activities, they are enemies to the cause of Bangladesh, And that for their mischievous activities the Govt. of Bangladesh will have no responsibility and they will have no protection from the Govt. of Bangladesh. (Clapping.....)

I will, therefore, again appeal to you, my fellow countrymen , that at all costs you will maintain peace and discipline. You know, we are continuing in this liberation movement, here in a foreign country and the British Govt. has been very hospitable to us, the British Govt. has allowed as continue with this movement as I have told you it is a land where freedom of speech, freedom of movement is there. (Clapping…..).

In this march of appeal you will also exhibit that you appreciate the great hospitality of the British Govt. and the British nation and do not by your action abuse that great hospitality. I, therefore, appeal to you, my fellow countrymen, in the name of the Govt. of Bangladesh and fellow countrymen of Bangladesh within Bangladesh that you and by your conduct demonstrate to the people of Great Britain that we are a disciplined honorable nation. (Clapping and Slogan I Joy Bangla…)

I thank you, ladies & gentlemen, who have assembled here to how your sympathy and support for our great cause, I convey to all of you the gratitude of the Govt. of Bangladesh. That day is not far off when Her majesty's Govt. and the Head of the Commonwealth will recognize the reality and give recognition to the Govt. of Bangladesh. (Clapping……)

I am firmly convinced in my mind that days are not far off when Bangladesh will sit in the Commonwealth of nations as a happy member of the Commonwealth. (Clapping)

I appeal to you, my fellow countrymen, to maintain your determination, your courage, your sacrifice and your unity. Success must be ours. Inshallah, we shall march forward in the path of peace and progress and an achievement. We shall frame a

Constitution which will guarantee freedom of thought, freedom of speech, freedom of oxpression-we will look forward to a democratic socialist Govt. in which all men will he equal. Hindus and Muslims, Christians and Buddhists and members of our other religions-we shall all live in peace and amity. (Clapping)

Our accredited leader Sheikh Mujib has been the harbinger of a new faith, ambassador of a new hope and that hope is to create state in which all will be equel-all will be free and nobody will be oppressed. (Clapping and Slogan)

Ladies and Gentlemen. Sheikh Mujib is still in prison and many other political leaders who have refused to sign the most dishonorable document that has been forced on them. We want release of Sheikh Mujib. We want release of all political prisoners. We are prepared for all sacrifices, nobody can stop us from getting the release of the political prisoners. (Clapping & Slogans : Joy Bangla……)

Ladies and Gentlemen. There are other distinguished speakers. They will address you briefly. But before you start on your march of appeal. I will address again a few words in Bengali. After which, I shall request you to proceed with your procession. I shall come back to speak to you in Bengali at the conclusion of this meeting.

Thank you ladies and gentlemen. (Clapping….)

বক্তৃতার শেষাংশ-

ভাই ও বোনেরা, আজকে আমরা এখানে সমবেত হয়েছি মুক্তকণ্ঠে একতাবদ্ধভাবে ঘোষণা করতে যে, বাংলার সাড়ে সাত কোটি মানুষ ইয়াহিয়া খানের হানাদার সৈন্যদের হটিয়ে দেওয়ার জন্য বদ্ধপরিকর।

-Clapping-

আমরা এখানে সমবেত হয়েছি সমস্ত দুনিয়াকে জানিয়ে দিতে যে, আমরা একতাবদ্ধভাবে স্বাধীনতা ঘোষণা করেছি এবং ইনশাল্লাহ সেই স্বাধীনতা আমরা রক্ষা করবো। -Clapping and Slogan: Joy Bangla.

আজকের এই শোভাযাত্রা সম্বন্ধে বাংলাদেশ সরকারের সাথে আমার সরাসরি কথা হয়েছে। বাংলাদেশের মন্ত্রীমন্ডলী আমাদের জানিয়েছেন যে, আমাদের এই শোভাযাত্রা আবেদনের শোভাযাত্রা-এটা বিক্ষোভের মিছিল হন। আমাকে জানিয়েছেন যে, আমি যেন তাদের হয়ে আপনাদের অনুরোধ করি যে, সর্ব অবস্থায় আপনারা শান্তি ও শৃঙ্খলা রক্ষা করে বাংলাদেশের জনসাধারণ এবং বাংলাদেশ সরকারের সম্মান বৃদ্ধি করবেন। -Clapping-

আপনারা চীনা দূতাবাস এবং অ্যামেরিকান দূতাবাসে যাবেন এই আবেদন নিয়ে যেন তারা ইয়াহিয়া খানকে কোনরূপ সাহায্য না করেন; কিন্তু কোনরূপ শ্লোগানের দ্বারা বা কোনরূপ ব্যবহারের দ্বারা আপনারা তাদের প্রতি কোনরূপ অসম্মান প্রদর্শন করবেন না। -Clapping-

পাকিস্তান হাই কমিশনের লোক আমাদের প্রসাশনের মধ্যে যোগ দিয়ে তাদের প্রতি অশোভন এবং অসৌজন্যপূর্ণ ব্যবহার করে আমাদের দায়ী করবার, দোষী করবার চেষ্টা করবে। তাদের থেকে আপনারা হুঁশিয়ার থাকবেন। -Clapping-

এবং তাদের এই কাজের জন্য আমরা কোনরূপ দায়ী থাকবো না। আমাদের প্রধানমন্ত্রী জনাব তাজউদ্দিন সাহেব দ্ব্যর্থহীন ভাষায় আমাকে বলেছেন-"Our aim is goodwill for everybody, ill will for none."

-Clapping-

আপনারা এই কথাটি মনে রাখবেন। আমি বাংলাদেশ সরকারের পক্ষ থেকে আপনাদের কাছে এই আবেদন জানাচ্ছি। আপনারা এই শোভাযাত্রায় যাবার সময় আমরা যে কয়েকটি শ্লোগান অনেক ভেবে-চিন্তে ঠিক করেছি, আশা করি, মাত্র সেই কয়েকটি বলে যাচ্ছি আমাদের স্বেচ্ছাসেবকরা বলবেন- "Recognize, Recognize."

আপনারা বলবেন- "Bangladesh, Bangladesh"
আমাদের স্বেচ্ছাসেবকরা বলবেন "Long live, Long live"
আপনারা বলবেন, "Sheikh Mujib, Sheikh Mujib"
আমাদের সেচ্ছাসেবকরা বলবেন "Long live Mukti Fouz"
আপনারা বলবেন "Long live Mukti Fouz"
তারপরে আর একটা শ্লোগন হবে "Stop, Stop"
আপনারা বলবেন "Genocide, Genocide"
আর একটা হবে, "Stop aid to"
আপনারা বলবেন ''ইয়াহিয়া খান''।
ঃআপনাদের মনে থাকবে, আপনাদের সকলের?
ঃ''হ্যাঁ''
ঃআচ্ছা।
আমি আর একবার বলছি "Recognize, Recognize"
জবাবঃ ''বাংলাদেশ''।
জনাব চৌধুরীঃ ''বাংলাদেশ''।
জনাব চৌধুরীঃ "Long live, Long live"
জবাবঃ "Sheikh Mujib, Sheikh Mujib"
জনাব চৌধুরীঃ "Long live Mukti Fouz"
জবাবঃ "Long live Mukti Fouz"
জনাব চৌধুরীঃ "Stop Stop"
জবাবঃ "Genocide, Genocide"
জনাব চৌধুরীঃ "Stop aid to"
জবাবঃ ''ইয়াহিয়া খান''।

জনাব চৌধুরীঃ আপনাদের অশেষ ধন্যবাদ। আপনারা যে কষ্ট করে এখানে সমবেত হয়েছেন তার জন্য বাংলাদেশ সরাকারের পক্ষ থেকে বাংলাদেশের আপনাদের ভাই ও বোনদের পক্ষ থেকে আমি আপনাদের শুকরিয়া আদায় করছি। এখন আপনারা শান্তি ও শৃঙ্খলাপূর্ণভাবে মিছিলে যোগ দিন। আসসালামো আলায়কুম।

শিরোনাম	সূত্র	তারিখ
আন্দোলনের কতিপয় দিক সম্পর্কে মুজিবনগর সরকারের বর্হিবিশ্ব প্রচার বিভাগের মওদুদ আহমদের প্রতি স্টীয়ারিং কমিটির আবায়কের চিঠি	এ্যাকশন কমিটির দলিলপত্র	২৭ জুলাই, ১৯৭১

Mr. Maudud Ahmed
External Publicity Division,
People's Republic of Bangladesh Mission,
9, Circus Avenue
Calcutta-I7. 27th July 1971.

Dear Mr. Ahmed.

Clippings are being dispatched from our Press and Information Department regularly from the 12th of July, 71 and which should have reached you in time. As requested the copies of publications which we are receiving from different sources and also from our publication department will be sent to you from now onward.

I have already handed over the manuscript to printing press which is on the process of being produced in a booklet form. I think it is a very late stage for stopping. In any case, I will send the manuscript back as soon as it is released from the printers.

I have been working in the line which I committed to you and Mr. Huda and hope that arrangements will be made very soon.

Since my return from Bangladesh I had been terribly busy with the organizational problems facing the Steering Committee. That's why I could not get in touch with you; for which I must be apologized. The programme with 'Panorama' was very well planned. It was a moral boost and also stimulus for the Bengalees here in U. K.

I hope the copies of Jivan Thekey Neya' are ready. I should therefore be very muci
interested in getting a copy. Kindly advise me how to proceed about it and how soon can we get it.

Convey my kindest regards to Mr. Zahir Raihan, Mr. Alamgir Kabir, Mr. Belayat Hussain and other members of the Liberation Council and also to the members of the staff of the Mission with profound regards.

Yours sincerely,
(Azizul Hoque Bhuia)
Convener.

শিরোনাম	সূত্র	তারিখ
স্টীয়ারিং কমিটির প্রতি একটি কনভেনশন কমিটি গঠনের আহবান সম্পর্কিত প্রবাসী নেতৃবৃন্দের বৈঠকের সিদান্তসমূহ	এ্যাকশন কমিটির দলিলপত্র	৩০ জুলাই, ১৯৭১

This informal meeting held between some leaders of the Bengali community and Justice Abu Sayeed Chowdhury on 30th July 1971 at the Steering Committee office resolves to request the Steering Committee to set up a Convention Committee with 4 representatives from 4 units and representatives from the Steering Committee, totaling 6 members. This informal meeting further requests the Steering Committee to entrust the Convention Committee with responsibility of arranging for a convention of all committees to elect the Central Action Committee or Council and to reorganise the movement for the liberation of Bangladesh. The Convention Committee shall prepare a draft constitution to present at the Convention for final approval and adoption. This informal meeting finally requests the Steering Committee to act with utmost speed on this matter.

Signatures

শিরোনাম	সূত্র	তারিখ
লন্ডনে আয়োজিত বাংলাদেশের স্বীকৃতি মিছিলের কর্মসূচী-পুস্তিকা	এ্যাকশন বাংলাদেশ, লন্ডন প্রকাশিত পুস্তিকা	১ আগস্ট, ১৯৭১

STOP GENOCIDE RECOGNISE BANGLADESH — Souvenir Programme — STOP GENOCIDE RECOGNISE BANGLADESH

STOP GENOCIDE
RECOGNISE BANGLADESH RALLY
Sunday, 1st August 1971

STOP GENOCIDE RECOGNISE BANGLADESH — STOP GENOCIDE RECOGNISE BANGLADESH

PROGRAMME :

2.00 Music	Manesh Chandra the Indian sitae player together with Madhukar Kothara on Tabla.
2.15 Justice Abu Sayeed Chowdhury	Former justice of Dacca High Court and Vice-Chancellor of Dacca University. At present Special Representative of Bangladesh abroad.
2.30	Eye witness tape.
2.35 Reg Prentice. M.P	One of the 4 M.P.S who visited both West Pakistan and Bangladesh.
2.50 Rev. Kenyon Wright	Lived 15 years in West Bengal. Recent visitor to refugee camps in India and crossed to Bangladesh. Director of Urban Studies at Coventry Cathedral.
3.00 John Stonehouse. M.P.	Made two visits to refugee camps in India, and a visit to Bangladesh. Moved the motion signed by 210 M.P.s calling for the recognition of Bangladesh.
